গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন

এবং

সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২২ - জুন ৩০, ২০২৩

সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ৩

প্রস্তাবনা ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ১২

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ১৩

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ১৪

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ১৫

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of the Department/Organization)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের মাধ্যমে দেশের ৬৪টি জেলায় ১০৩টি প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের মাধ্যমে প্রায় ৭ লক্ষ ২৮ হাজার জন প্রতিবন্ধী ব্যক্তিকে বিনামূল্যে প্রায় ৯০ লক্ষ থেরাপি সেবা এবং প্রতিবন্ধী ব্যক্তিকে প্রায় ৫৯০১৮টি সহায়ক উপকরণ প্রদান করা হয়েছে। অটিজমসহ প্রতিবন্ধী জনগোষ্ঠীকে ৪০টি মোবাইল থেরাপি ভ্যানের মাধ্যমে এ পর্যন্ত বিনামূল্যে নিবন্ধিত থেরাপিউটিক সেবা গ্রহিতার সংখ্যা ৩,৯০,৯৭৪ জন এবং প্রদত্ত সেবা সংখ্যা ৯,১৩,১০৩ টি। প্রতিবন্ধিতা সম্পর্কিত সমন্বিত বিশেষ শিক্ষা নীতিমালা, ২০১৯ এর আওতায় দেশের ৭৪টি বেসরকারি বুদ্ধি প্রতিবন্ধী বিদ্যালয়ের ৯৩৯ জন শিক্ষক-কর্মচারীর ১০০% বেতন ভাতাদি প্রদান করা হচ্ছে । ১০ হাজার ৮ শত জন প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীর বিশেষ শিক্ষা প্রদান কার্যক্রম চলমান আছে। কর্মজীবী প্রতিবন্ধীদের জন্য হোস্টেলে ৩০জন প্রতিবন্ধী ব্যক্তির আবাসন নিশ্চিত করা হয়েছে। অটিজম রিসোর্স সেন্টারের মাধ্যমে প্রায় ২৪৫০৮ হাজার জনকে কাউন্সেলিং সেবা প্রদান করা হয়েছে। প্রতিবন্ধী ব্যক্তিদের জীবনমান উন্নয়নে প্রতিবন্ধিতা কার্যক্রমে সংশ্লিষ্ট বেসরকারি সংগঠনকে প্রায় ৬ কোটি ২০ লক্ষ টাকা অনুদান প্রদান করা হয়েছে। এ ছাড়াও জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনকে প্রতিবন্ধী উন্নয়ন অধিদপ্তরে রূপান্তরের কাজ চলমান রয়েছে। জাতীয় প্রতিবন্ধী কমপ্লেক্স নির্মাণ কাজ শেষ হয়েছে যা সুবর্ণ ভবন নামে মাননীয় প্রধানমন্ত্রী ০৫ ডিসেম্বর ২০১৯ তারিখে উদ্বোধন করেন| এছাড়া প্রতিবন্ধী ক্রীড়াবিদদের জন্য একটি ক্রীড়া কমপ্লেক্স নির্মাণের জন্য প্রায় ৪৪৮ কোটি টাকার প্রকল্পের ডিপিপি একনেক সভায় গত ১৬ মার্চ ২০২১ তারিখ অনুমোদিত হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান চ্যালেঞ্জ হচ্ছে সুবিধাভোগীদের একটি কেন্দ্রীয় ডিজিটাল তথ্যভান্ডারের আওতায় আনয়ণ এবং ই-সার্ভিসের মাধ্যমে স্বল্প ব্যয়ে, স্বল্প সময়ের মধ্যে দক্ষতা ও স্বচ্ছতার মাধ্যমে সুবিধাভোগীদের দোরগোড়ায় কাঙ্ক্ষিত মানের সেবা পৌঁছে দেয়া। সুবিধাভোগী বাছাইয়ের ক্ষেত্রে একটি স্বচ্ছ ব্যবস্থাপনার মাধ্যমে Targeting Error হ্রাস করাও সংস্থার একটি বড় চ্যালেঞ্জ।

ভবিষ্যৎ পরিকল্পনা:

সেবা দানে শুদ্ধাচারের অনুশীলন নিশ্চিতকরণ, সেবাদানে নতুন ইনোভেশনকে উৎসাহিত প্রদান এবং সেবা প্রদান পদ্ধতিকে ২০২৪ সালের মধ্যে ডিজিটালাইজেশন করা হবে। প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র উপজেলা পর্যায় পর্যন্ত সম্প্রসারণ করা হবে। মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি অনুযায়ী প্রতিটি উপজেলায় প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র স্থাপন; প্রতিবন্ধী ক্রীড়াবিদদের খেলা-ধুলা ও প্রশিক্ষণের জন্য আন্তর্জাতিক মানের ক্রীড়া কমপ্লেক্স নির্মাণ; জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন আইন প্রণয়ন; প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র পরিচালন সংক্রান্ত নীতিমালা প্রণয়ন; বাংলা ইশারা ভাষা ইনস্টিটিউট স্থাপনের কার্যক্রম গ্রহণ; প্রতিবন্ধী জনগোষ্ঠীর আর্থিক, সামাজিক ও ভকেশনাল পুনর্বাসনের ব্যবস্থাকরণ ও কর্মজীবী প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য বিভাগীয় শহরে পর্যায়ক্রমে পুরুষ ও মহিলা হোস্টেল চালুকরণ ইত্যাদি।

২০২২-২৩ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের মাধ্যমে প্রতিবন্ধী ব্যক্তিকে ১২.৫০ লক্ষ টি থেরাপি সেবা প্রদান ;
- মোবাইল থেরাপি ভ্যানের মাধ্যমে ১ লক্ষ থেরাপি সেবা প্রদান ;
- অটিজম রিসোর্স সেন্টারের মাধ্যমে ৩৫০০ সুবিধাভোগী অভিভাবককে অটিজমে আক্রান্ত শিশুর জীবনমান উন্নয়নে পরামর্শ সেবা প্রদান ;
- প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের মাধ্যমে ৮৮০০ জন প্রতিবন্ধী ব্যক্তিকে সহায়ক উপকরণ সরবরাহ করা ;
- বেসরকারি বুদ্ধি প্রতিবন্ধী বিদ্যালয়ের মাধ্যমে ১১০০০ জন প্রতিবন্ধী শিশুকে বিশেষ শিক্ষা প্রদান ;

প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন

এবং

সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়-এর মধ্যে ২০২২ সালের ..... মাসের ..... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১

দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision)

বাংলাদেশের সকল ধরণের প্রতিবন্ধী ব্যক্তিদের জীবনমান উন্নয়ন ও তাদের স্বার্থ সুরক্ষা।

১.২ অভিলক্ষ্য (Mission)

 আন্তর্জাতিক উদ্যোগ ও সেবা মানের আলোকে এবং জাতিসংঘ ঘোষিত UNCRPD, প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন ২০১৩ এর আলোকে বাংলাদেশের সকল ধরণের প্রতিবন্ধী জনগোষ্ঠীর স্বাভাবিক জীবন ধারণ, সমমর্যাদা, অধিকার, থেরাপি সেবা ও পুনর্বাসনে সহায়তাসহ পূর্ণ অংশগ্রহণ এবং একীভূত সমাজ ব্যবস্থা নিশ্চিতকরণ।

 প্রতিবন্ধী জনগোষ্ঠীকে সমাজের মূল স্রোতধারায় সম্পৃক্ত করার জন্য সামাজিক সচেতনতা ও আইনের শাসন প্রতিষ্ঠার মাধ্যমে দেশের সার্বিক উন্নয়ন সাধন।

 প্রতিবন্ধিতা বিষয়ক যাবতীয় কার্যক্রমের সমন্বয় সাধন এবং জাতীয় পর্যায়ে নীতি নির্ধারণ ও নীতি বাস্তবায়ন বিষয়ে কার্যকর ভূমিকা পালন।

১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র

১. প্রতিবন্ধী ব্যক্তিদের জীবনমান উন্নয়নে থেরাপি সেবা প্রদান
২. প্রতিবন্ধী শিশুদের বিশেষ শিক্ষা ও আর্থিক প্রনোদনা প্রদান
৩. বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তিদের জন্য ক্রীড়া কমপ্লেক্স নির্মাণ ও প্রতিবন্ধী ব্যক্তিদের আবাসনের ব্যবস্থাকরণ
৪. প্রতিবন্ধী ব্যক্তিদের সেবায় নিয়োজিত কর্মকর্তা- কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান ও প্রতিবন্ধী ব্যক্তিদের মধ্যে বিনামূল্যে সহায়ক উপকরণ সরবরাহকরণ

১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

১.৪ কার্যাবলি (Functions)

১. প্রতিবন্ধিতা সংক্রান্ত নীতি প্রণয়ন ও বাস্তবায়ন
২. দেশের প্রতিবন্ধী জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন
৩. দেশের সকল প্রতিবন্ধী ও ঝুকিপূণ প্রতিবন্ধী ব্যক্তিদেরকে সেবা ও সহায়তা প্রদান
৪. প্রতিবন্ধী বিষয়ক স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ প্রতিষ্ঠানসমূহকে সহযোগিতাকরণ
৫. সুবিধাবঞ্চিত প্রতিবন্ধী শিশুদের প্রতিপালন, শিক্ষণ, প্রশিক্ষণ ও পুনর্বাসন
৬. প্রতিবন্ধী বিষয়ক কার্যাবলীর সমন্বয় সাধন

সেকশন ২
বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব	কর্মসম্পাদন সূচকসমূহ	একক	প্রকৃত অর্জন ২০২০-২১	প্রকৃত অর্জন* ২০২১-২২	লক্ষ্যমাত্রা ২০২২-২৩	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র
						২০২৩-২০২৪	২০২৪-২০২৫		
প্রতিবন্ধী ব্যক্তিদের ১০৩টি প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের মাধ্যমে শারীরিক ও থেরাপি সেবা প্রদান	প্রদত্ত সেবা সংখ্যা	লক্ষ	৯.৯৪৩৩৭	১২.৫০	১২.৫০	১২.৬০	১২.৮০	প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র	জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন এর বার্ষিক প্রতিবেদন
৪০ টি মোবাইল থেরাপি ভ্যানের মাধ্যমে থেরাপি সেবা প্রদান	প্রদত্ত সেবা সংখ্যা	লক্ষ	০.৪৬৬৪৬	১.১৯৮৪৪	১.০০	১.২০	১.৩০	প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র	জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন এর বার্ষিক প্রতিবেদন
প্রতিবন্ধী ব্যক্তিদের বিনামূল্যে সহায়ক উপকরণ প্রদান	সুবিধাভোগী	সংখ্যা	১২১৩৫	৮৫০০	৮৮০০	৯০০০	৯৫০০	প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র	জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন এর বার্ষিক প্রতিবেদন
প্রতিবন্ধী শিশুদের বিশেষ শিক্ষা প্রদান	সুবিধাভোগী শিক্ষার্থী	সংখ্যা	৭২২৮	১০৮৯৮	১১০০০	১১২০০	১১৫০০	বুদ্ধি প্রতিবন্ধী বিদ্যালয়সমূহ	জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন এর বার্ষিক প্রতিবেদন

*সাময়িক (provisional) তথ্য

সেকশন ৩
কর্মসম্পাদন পরিকল্পনা

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২০-২১	প্রকৃত অর্জন* ২০২১-২২	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩					প্রক্ষেপণ ২০২৩-২০২৪	প্রক্ষেপণ ২০২৪-২০২৫
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র															
[১] প্রতিবন্ধী ব্যক্তিদের জীবনমান উন্নয়নে থেরাপি সেবা প্রদান	২৫	[১.১] প্রতিবন্ধী ব্যক্তিদের ১০৩ টি প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের মাধ্যমে থেরাপি সেবা প্রদান	[১.১.১] প্রদত্ত সেবা সংখ্যা	ক্রমপুঞ্জিভূত	লক্ষ	১৮	৯.৯৪৩৩৭	১২.৫০	১২.৫০	১১.২৫	১০.০০	৮.৭৫	৭.৫	১২.৬০	১২.৮০
		[১.২] প্রতিবন্ধী ব্যক্তিদের ৪০ টি মোবাইল থেরাপি ভ্যানের মাধ্যমে থেরাপি সেবা প্রদান	[১.২.১] প্রদত্ত সেবা সংখ্যা	ক্রমপুঞ্জিভূত	লক্ষ	২	০.৪৬৬৪৬	১.১৯৮৪৪	১.০০	০.৯	০.৮	০.৭	০.৬	১.২	১.৩
		[১.৩] অটিজম রিসোর্স সেন্টারেরমাধ্যমেপরামর্শ সেবা প্রদান	[১.৩.১] সুবিধাভোগী অভিভাবক	ক্রমপুঞ্জিভূত	লক্ষ	৫	৩১৭৭	৩৫০০	৩৫০০	৩১৫০	২৮০০	২৪৫০	২১০০	৩৭০০	৪০০০
[২] প্রতিবন্ধী শিশুদের বিশেষ শিক্ষা ও আর্থিক প্রনোদনা প্রদান	১৮	[২.১] প্রতিবন্ধী শিশুদের বিশেষ শিক্ষা প্রদান	[২.১.১] সুবিধাভোগী শিক্ষার্থী	ক্রমপুঞ্জিভূত	সংখ্যা	৫	৭২২৮	১০৮৯৮	১১০০০	৯৯০০	৮৮০০	৭৭০০	৬৬০০	১১২০০	১১৫০০
		[২.২] স্পেশাল স্কুল ফর চিলড্রেন উইথ অটিজম কার্যক্রম	[২.২.১] সুবিধাভোগী শিক্ষার্থী	ক্রমপুঞ্জিভূত	সংখ্যা	৫	১৪৪	১৫০	১৬০	১৪৪	১২৮	১১২	৯৬	১৬৫	১৭০
		[২.৩] মেধাবী দৃষ্টি প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের আর্থিক প্রনোদনা প্রদান	[২.৩.১] সুবিধাভোগী মেধাবী দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষার্থী	ক্রমপুঞ্জিভূত	সংখ্যা	৪			৫০	৪৫	৪০	৩৫	৩০	৬০	৭০
		[২.৪] মেধাবী বাক ও শ্রবন প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের আর্থিক প্রনোদনা প্রদান	[২.৪.১] সুবিধাভোগী মেধাবী বাক ও শ্রবন প্রতিবন্ধী শিক্ষার্থী	ক্রমপুঞ্জিভূত	সংখ্যা	৪			৩০	২৭	২৪	২১	১৮	৪০	৫০

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২০-২১	প্রকৃত অর্জন* ২০২১-২২	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩					প্রক্ষেপণ ২০২৩-২০২৪	প্রক্ষেপণ ২০২৪-২০২৫
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র															
[৩] বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তিদের জন্য ক্রীড়া কমপ্লেক্স নির্মাণ ও প্রতিবন্ধী ব্যক্তিদের আবাসনের ব্যবস্থাকরণ	১৫	[৩.১] ক্রীড়া কমপ্লেক্স নির্মাণ প্রকল্পের অবকাঠামোগত বাস্তবায়ন	[৩.১.১] অবকাঠামোগত উন্নয়ন	ক্রমপুঞ্জিভূত	%	৩			৪০	৩৬	৩২	২৮	২৪	৬০	৮০
		[৩.২] প্রকল্প বাস্তবায়নে প্রাপ্ত বরাদ্দের বিপরীতে ব্যয়	[৩.২.১] ব্যয়ের হার	ক্রমপুঞ্জিভূত	%	২			৪০	৩৬	৩২	২৮	২৪	৬০	৮০
		[৩.৩] পরিবারহীন শিশুদের জন্য প্রতিবন্ধী শিশু নিবাস	[৩.৩.১] প্রতিবন্ধী শিশু নিবাসে অবস্থানরত শিশু	ক্রমপুঞ্জিভূত	সংখ্যা	৫	২৪	২৮	২৮	২৫.২০	২২.৪০	১৯.৬০	১৬.৮০	৩০	৩৫
		[৩.৪] কর্মজীবী প্রতিবন্ধী পুরুষ ও মহিলাদের আবাসন ব্যবস্থা কার্যক্রম	[৩.৪.১] সুবিধাভোগী প্রতিবন্ধী পুরুষ ও মহিলা	ক্রমপুঞ্জিভূত	সংখ্যা	৫	৩০	৩০	৩০	২৭	২৪	২১	১৮	৩৫	৪০
[৪] প্রতিবন্ধী ব্যক্তিদের সেবায় নিয়োজিত কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান ও প্রতিবন্ধী ব্যক্তিদের মধ্যে বিনামূল্যে সহায়ক উপকরণ সরবরাহকরণ	১২	[৪.১] জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের কমকর্তা-কমচারীদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ	[৪.১.১] জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ	সমষ্টি	সংখ্যা	৩	৪০	৪০	৬০	৫৪	৪৮	৪২	৩৬	৬০	৬০
		[৪.২] প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের কমকর্তা-কমচারীসহ টেকনিক্যাল জনবলের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ (দেশে / বিদেশে)	[৪.২.১] প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের কর্মকর্তা-কর্মচারীসহ টেকনিক্যাল জনবলের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ (দেশে / বিদেশে)	সমষ্টি	সংখ্যা	৪	১২০	৩৬০	৩৬০	৩২৪	২৮৮	২৫২	২১৬	৩৮০	৪০০
		[৪.৩] প্রতিবন্ধী ব্যক্তিদের বিনামূল্যে সহায়ক উপকরণ প্রদান	[৪.৩.১] সুবিধাভোগী	ক্রমপুঞ্জিভূত	সংখ্যা	৫	১২১৩৫	৮৫০০	৮৮০০	৭৯২০	৭০৪০	৬১৬০	৫২৮০	৯০০০	৯৫০০

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২০-২১	প্রকৃত অর্জন* ২০২১-২২	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩					প্রক্ষেপণ ২০২৩-২০২৪	প্রক্ষেপণ ২০২৪-২০২৫
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র															
[১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ	৩০	[১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০									
		[১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০									
		[১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৪									
		[১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩									
		[১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩									

*সাময়িক (provisional) তথ্য

আমি, ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় হিসাবে ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

.....	.....
ব্যবস্থাপনা পরিচালক জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন	তারিখ
.....	.....
সচিব সমাজকল্যাণ মন্ত্রণালয়	তারিখ

সংযোজনী-১

ক্রমিক নম্বর	শব্দসংক্ষেপ (Acronyms)	বিবরণ
১	আই:ডি:এস:সি:	ইন্ট্রিগ্রেটেড ডিজএ্যাবিলিটি সার্ভিস সেন্টার
২	আরঃ এমঃ সিঃ	রুরাল মাদার সেন্টার
৩	আরঃ এসঃ এসঃ	রুরাল সোশ্যাল সার্ভিসেস
৪	ইউঃ সিঃ ডিঃ	আরবান কমিউনিটি ডেভেলপমেন্ট
৫	এসঃ সিঃ এঃ আরঃ	সার্ভিসেস ফর থি চিলড্রেন এট রিস্ক (প্রকল্প)
৬	জা: প্রঃ উঃ ফাঃ	জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন
৭	ডিঃ সিঃ এঃ আরঃ	ডিজএবিলিটি এন্ড চিলড্রেন এট রিস্ক (প্রকল্প)
৮	প্রঃসেঃ সাঃ কেঃ	প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র
৯	বাঃ জাঃ সঃ কঃ প	বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ
১০	সিঃ এসঃ পিঃ বিঃ	চাইল্ড সেনসেটিভ সোশ্যাল প্রোটেকশন ইন বাংলাদেশ (প্রকল্প)

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা	লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক
[১.১] প্রতিবন্ধী ব্যক্তিদের ১০৩ টি প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের মাধ্যমে থেরাপি সেবা প্রদান	[১.১.১] প্রদত্ত সেবা সংখ্যা	জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন এবং ১০৩টি প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র	জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের বার্ষিক প্রতিবেদন
[১.২] প্রতিবন্ধী ব্যক্তিদের ৪০ টি মোবাইল থেরাপি ভ্যানের মাধ্যমে থেরাপি সেবা প্রদান	[১.২.১] প্রদত্ত সেবা সংখ্যা	জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন এবং ১০৩টি প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র	জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের বার্ষিক প্রতিবেদন
[১.৩] অটিজম রিসোর্স সেন্টারের মাধ্যমে পরামর্শ সেবা প্রদান	[১.৩.১] সুবিধাভোগী অভিভাবক	জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন ও অটিজম রিসোর্স সেন্টার	জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের বার্ষিক প্রতিবেদন
[২.১] প্রতিবন্ধী শিশুদের বিশেষ শিক্ষা প্রদান	[২.১.১] সুবিধাভোগী শিক্ষার্থী	জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন ও বুদ্ধি প্রতিবন্ধী বিদ্যালয়সমূহ	জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের বার্ষিক প্রতিবেদন
[২.২] স্পেশাল স্কুল ফর চিলড্রেন উইথ অটিজম কার্যক্রম	[২.২.১] সুবিধাভোগী শিক্ষার্থী	জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন ও স্পেশাল স্কুল ফর চিলড্রেন উইথ অটিজম	জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের বার্ষিক প্রতিবেদন
[২.৩] মেধাবী দৃষ্টি প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের আর্থিক প্রনোদনা প্রদান	[২.৩.১] সুবিধাভোগী মেধাবী দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষার্থী	জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন	জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের বার্ষিক প্রতিবেদন
[২.৪] মেধাবী বাক ও শ্রবন প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের আর্থিক প্রনোদনা প্রদান	[২.৪.১] সুবিধাভোগী মেধাবী বাক ও শ্রবন প্রতিবন্ধী শিক্ষার্থী	জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন	জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের বার্ষিক প্রতিবেদন
[৩.১] ক্রীড়া কমপ্লেক্স নির্মাণ প্রকল্পের অবকাঠামোগত বাস্তবায়ন	[৩.১.১] অবকাঠামোগত উন্নয়ন	বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তিদের জন্য ক্রীড়া কমপ্লেক্স নির্মাণ প্রকল্প ও জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন	জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের বার্ষিক প্রতিবেদন
[৩.২] প্রকল্প বাস্তবায়নে প্রাপ্ত বরাদ্দের বিপরীতে ব্যয়	[৩.২.১] ব্যয়ের হার	বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তিদের জন্য ক্রীড়া কমপ্লেক্স নির্মাণ প্রকল্প ও জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন	জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের বার্ষিক প্রতিবেদন
[৩.৩] পরিবারহীন শিশুদের জন্য প্রতিবন্ধী শিশু নিবাস	[৩.৩.১] প্রতিবন্ধী শিশু নিবাসে অবস্থানরত শিশু	জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন	জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের বার্ষিক প্রতিবেদন
[৩.৪] কর্মজীবী প্রতিবন্ধী পুরুষ ও মহিলাদের আবাসন ব্যবস্থা কার্যক্রম	[৩.৪.১] সুবিধাভোগী প্রতিবন্ধী পুরুষ ও মহিলা	জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন	জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের বার্ষিক প্রতিবেদন
[৪.১] জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের কমকর্তা-কমচারীদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ	[৪.১.১] জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ	জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন	জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের বার্ষিক প্রতিবেদন
[৪.২] প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের কমকর্তা-কমচারীসহ টেকনিক্যাল জনবলের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ (দেশে / বিদেশে)	[৪.২.১] প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের কর্মকর্তা-কর্মচারীসহ টেকনিক্যাল জনবলের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ (দেশে / বিদেশে)	জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন	জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের বার্ষিক প্রতিবেদন
[৪.৩] প্রতিবন্ধী ব্যক্তিদের বিনামূল্যে সহায়ক উপকরণ প্রদান	[৪.৩.১] সুবিধাভোগী	জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন এবং ১০৩টি প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র	জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের বার্ষিক প্রতিবেদন

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট	সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ

আমি, ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় হিসাবে ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

ব্যবস্থাপনা পরিচালক
জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন

২৩/৬/২০২২
তারিখ

সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়

২৩/৬/২০২২
তারিখ